মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।
কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার ,ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৭৭১০৪৪২
E-mail :chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৪৭(ঘ) তারিখঃ ০৭/০৮/২০২৫ খ্রি.

**বিষয়: ২০২৫ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) স্থগিতকৃত পরীক্ষার লিখিত উত্তরপত্র বোর্ডে প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার লিখিত উত্তরপত্র(সৃজনশীল/রচনামূলক ও বহুনির্বাচনী) প্রতিদিন পরীক্ষা শেষে ঐ দিনেই ময়মনসিংহ শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় (ভবন-২, খাগডহর বাজার) হাতে হাতে ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক মারফত পুলিশ প্রহরাসহ নিরাপত্তা হেফাজতে প্রেরণের ব্যবস্থা করতে হবে। যদি পরীক্ষার দিন হাতে হাতে জমা দেয়া সম্ভব না হয় তাহলে প্রতিদিন পরীক্ষা শেষে তারিখ উল্লেখপূর্বক উত্তরপত্র ভর্তি বস্তা/প্যাকেট/বাক্সে সিলগালা করে থানা হেফাজতে রাখতে হবে এবং নিম্নলিখিত তারিখ সমূহে থানা থেকে নিয়ে সিলগালা না ভেঙ্গে থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ডাকযোগে বা অন্য কোন ব্যবস্থায় প্রেরণ করা যাবে না।

**<u>স্থগিতকৃত লিখিত উত্তরপত্র হাতে হাতে বোর্ডে জমাদানের তারিখ:</u>**

| জেলার নাম | সময় | ৪র্থ কিস্তি : ২০/০৮/২০২৫ (বুধবার) |
|---|---|---|
| | | নিম্নের তারিখ সমূহে অনুষ্ঠিত পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র |
| জামালপুর, শেরপুর, নেত্রকোণা ও ময়মনসিংহ | ৯.৩০ ঘটিকা থেকে ৩.০০ ঘটিকা | ২২/০৭/২০২৫ খ্রি.<br>২৪/০৭/২০২৫ খ্রি. |

বিদ্র: (১) প্রেরিত লিখিত উত্তরপত্রের বান্ডিল/বস্তার উপর ভিন্ন কাগজে বিষয় ও বিষয় কোড লিখে জমা দিতে হবে।
(২) উত্তরপত্রের কভার পৃষ্ঠার প্রথম অংশ ও বহুনির্বাচনী উত্তরপত্র (OMR) এবং লিখিত উত্তরপত্র ভবন ০২ (খাগডহর বাজার) জমা দিতে হবে।

প্রাপক
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র / ২০২৫

০৭/০৮/২৫

(প্রফেসর সৈয়দ আখিতারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
মোবাইল: ০১৭৬১-৭১৮২৬৫
Email : conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর;
২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৫।অফিসকপি।